Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, উচ্চ রাজকর্ম্মচারী ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ, কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী কেশ তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।
মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

**শ্যামা দন্তমঞ্জন**

দন্ত রোগের মহৌষধ। মূল্য প্রতি শিশি ।৷০ আনা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৩ই বৈশাখ বুধবার ১৩৫৭ ইংরাজী 26th April. 1950 | ৪৭শ সংখ্যা



**বিখ্যাত কাটনীর চুণ**

যাবতীয় ইমারতি কাজের ও পানে খাওয়ার জন্য উৎকৃষ্ট ১নং পাথর চুণ পাওয়া যায়। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীপরিমলকুমার ধর
জঙ্গিপুর (ঠাকুরবাড়ীর সন্নিকট)

---

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

## প্রতিশ্রুতি

বসন্তের মুকুল আনে বর্ষাদিনের পরিপক্ব ফলের সম্ভাবনা। ভবিষ্যৎ দৃষ্টি আনে শেষ জীবনের অখণ্ড আনন্দের প্রতিশ্রুতি। আপনার জীবনেও সেই প্রতিশ্রুতি আনতে পারে আপনার ভবিষ্যৎ দৃষ্টি,—যার অভাবে মানুষের জীবন ক্রমশঃ দুর্বহ হয়ে উঠে প্রতিদিনের অভাব ও লাঞ্ছনায়।

জীবন-বীমার প্রতিশ্রুতিতে আপনার বর্ত্তমান আশা ও উৎসাহে ভরে উঠবে, নিরাপদ জীবন যাপনের নিশ্চয়তায় ভবিষ্যৎ হয়ে উঠবে উজ্জ্বল ও শান্তিময়। হিন্দুস্থানের বীমাপত্র দীর্ঘ ৪৩ বৎসরকাল এই প্রতিশ্রুতি বহন করে চলেছে দেশবাসীর ঘরে ঘরে।

আপনাকে জীবনের অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করবার জন্য হিন্দুস্থানের কর্মিগণ সর্বদাই প্রস্তুত। আপনার ও আপনার উপর নির্ভরশীল পরিজনবর্গের ভবিষ্যৎ সংস্থান উপেক্ষণীয় নহে।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

## ১০৲ দশ টাকা পুরস্কার

গত ২৪শে এপ্রিল বাংলা ১১ই বৈশাখ সোমবার (১) মধুসূদন দাস কর্ত্তৃক আমার নামে প্রদত্ত মৌজে ইচলিপাড়ার জমা বিক্রয়ের কোবালা। (২) ঐ জমার খাজনা বাবদ রায় বাহাদুর জ্ঞানেন্দ্র-নারায়ণ চৌধুরী দিং প্রদত্ত কতকগুলি চেক দাখিলা নিমতিতা ষ্টেশনে হারাইয়া গিয়াছে। যদি কেহ পাইয়া থাকেন, আমাকে দিবা মাত্র আমি তাঁহাকে ১০৲ টাকা পুরস্কার দিব।

শ্রীরাইমোহন ঘোষ, সাং ইচলিপাড়া।

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৩ই বৈশাখ বুধবার সন ১৩৫৭ সাল।

## উদ্বাস্তু সমস্যা

—:০:—

ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহেরু ও পাকিস্থানের প্রধান মন্ত্রী নবাবজাদা লিয়াকত আলির একবার দিল্লীতে এবং আর একবার করাচীতে শুভ মিলন হইল। চুক্তিপত্র রীতিমত স্বাক্ষরিত হইল। তবুও পূর্ব্ব পাকিস্থান হইতে প্রত্যহ বাস্তুত্যাগী হিন্দুর জনস্রোত জলস্রোতের মত অবিরাম পশ্চিমবঙ্গে আগমন বন্ধ হইল কই!

যাহারা ধাপ্পা দিবার জন্য ফাঁকা লেখাপড়া করে, তাদের বলা চলে—

"লিখে দিলাম কলার পাতে,
মর ব্যাটারা পথে পথে।"

চুক্তিপত্রে বাঁধাবাঁধি লেখাপড়ার পর যে সব বাস্তুত্যাগীরা তাদের চৌদ্দ পুরুষের ভিটা ত্যাগ করিয়া অনির্দ্দিষ্ট আশ্রয়ের আশায় কপাল ঠোকা করিয়া পশ্চিম বঙ্গে পলাইয়া আসিতে সক্ষম হইয়াছে, সর্ব্বহারা হইয়াও যেন মন্দের ভাল মনে করিয়া, নিরাশ্রয় অবস্থাতেও সোয়াস্তির নিশ্বাস ছাড়িয়া ইজ্জৎ বাঁচাইতে পারিল বলিয়া এই দুর্ভাগ্যকেও সৌভাগ্য মনে করিতেছে।

সদ্য-আগতা দুইটী স্নানার্থিনী বয়স্থা স্ত্রীলোককে বলিতে শোনা গিয়াছে—

"সেহানে তাগোর হাতে বে-ইজ্জৎ ওইয়্যা মরতাম্, এহানেও না খাইয়্যা মরবানে। মরবার কালে পরাণ ভৈরা হরিনাম করতে করতে, রামনাম শুন্‌তে শুন্‌তে মা-গঙ্গার জল মুখে দিয়্যা মরবো।"

একজন অর্দ্ধ শিক্ষিত উদ্বাস্তুর নিকট জিজ্ঞাসা করায় তিনি বলিলেন—ল্যাখা পড়ি হৈছে, মন্ত্রী-লোকদের মধ্যি, তারা দলিল মানুবে। যারা বাপ দাদার কালে ট্যাকা পয়সা চোহে দেহেনি, তারা লাখো লাখো ট্যাকা, সোনার গয়না গাঁঠি ছিনাইয়া লইব্যার হুকুম পাইছে, সুন্দরী মাইয়াদের তাগোর সোয়ামি পুত্তুরের সামনে বে-আবরু করবার (আর বেশী ক'লাম না) হুকুম পাইছে। উপাসী ছারপোকা একবার লোহর সোয়াদ পাইছে, তারে যদি কও লোহু (রক্ত) খাইও না, সে হাদিস্ কোরাণ কিছু মানুবে না। তাগোর ঠেকায় কে?

দিল্লীর বাদশা, মন্ত্রী যারা বাংলায় পেরজা লোকের পেরসানী দ্যাখবার লাইগ্যা আইছিল, তারা লাট সাহেবের ঘরে লুচি মণ্ডা খাইয়্যা বাত্রা মারতেছে। নিজেরা মাসে মাসে যে ট্যাকা পায়, তাতে বাড়ীতে ট্যাকার পাহাড় বানাইছে, আমা-গোর সর্ব্বনাশে তাগোর কি যায়?

"ধনীতে ধনীতে কথা মধু-রস বাণী,
কাঙ্গালে কাঙ্গালে কথা পাথর
　　　ফাইট্যা পানী।"

---

## কলিকাতায় খাদ্য আমদানী

১৯৫০ সালের মার্চ্চ মাসে ইষ্ট ইণ্ডিয়ান রেল-পথের হাওড়া এবং রামকৃষ্ণপুর ষ্টেশনে আনুমানিক ১৫৮২৪ টন চাউল, ধান্য, ছোলা, বালি, ওট এবং ডাইল সহ ৯৮৯টী ওয়াগন পৌছায়। এতদ্ব্যতীত আলোচ্য সময়ের মধ্যে ২৭৭১২ টন চাউল, ধান্য, গমজাত দ্রব্য এবং ডাইল সহ ১৭৩২টী ওয়াগন কলিকাতার অন্যান্য ষ্টেশনে উপনীত হয়।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৮ই মে ১৯৫০

১৯৪৯ সালের ডিক্রীজারী

৫৪৮ খাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং খলিল সেখ দিং দাবি ২৫॥০৯ থানা সুতী মৌজে উমরপুর ৭৫ শতকের কাত ২৵০ আঃ ৫৲ খং ৯৩৬ রায়ত স্থিতিবান

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৫ই মে ১৯৫০

১৯৪৯ সালের ডিক্রীজারী

৩৪৯ খাং ডিঃ উমানাথ সিংহ দেং গোকুলচন্দ্র রায় দিং দাবি ৮৫৶৩ থানা সাগরদীঘি মৌজে ভুমিহর ১১-৮৯ শতকের সেস ২/২ আঃ ৪০৲ খং ৪২৫ অধীনস্থ খং ৪২৬ হইতে ৪৩৪, ৪৩৭ হইতে ৪৪৭ নিষ্কর স্বত্ব

১৯৫০ সালের ডিক্রীজারী

৩ খাং ডিঃ সেবাইত মহান্ত রামদাস আউলিয়া দেং কাশেমালি সেখ দাবি ২০।৵১০ থানা সাগরদীঘি মৌজে বিনোদদীঘি ২-৩৬ শতকের কাত ২।০ আঃ ২৫৲ খং ৪ রায়ত স্থিতিবান

৯৩ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং অচলাবালা দেবী দিং দাবি ৩৭৵৬ থানা সাগরদীঘি মৌজে তাঁতিবিড়ল ৩-৭৪ শতকের কাত ৯।৵৩ আঃ ২৫৲ খং ৩৮

৯৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৸০ মৌজাদি ঐ ১-২৯ শতকের কাত ২৸৶০ আঃ ১০৲ খং ১২৪

৯৫ খাং ডিঃ ঐ দেং দুলালচন্দ্র দাস দিং দাবি ১৬।৵৩ থানা ঐ মৌজে খৈরাটী ১/২ জমির কাত ২।৵১৪। আঃ ৫৲ খং ৯৩

১১২ খাং ডিঃ ঐ দেং কালীপদ চট্টোপাধ্যায় দিং দাবি ১৮॥৵৭ মৌজাদি ঐ ৪৪ শতকের কাত ২৵৬ আঃ ১০৲ খং ১১১

৯৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫।৶০ থানা ঐ মৌজে আথুয়া ২১ শতকের কাত ১/৭ আঃ ২৲ খং ৪৫

৯৭ খাং ডিঃ ঐ দেং লবাই মাল দিং দাবি ১০॥৵ থানা ঐ মৌজে মোড়গ্রাম ৭ শতকের কাত ৸৵৮ আঃ ২৲ খং ৩১৭

১০৬ খাং ডিঃ ঐ দেং যুগলপদ মণ্ডল দিং দাবি ৭/৫ মৌজাদি ঐ ৬ শতকের কাত ৶৪ আঃ ১৲ খং ২৩৬

১০৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৷৮ মৌজাদি ঐ ১২ শতকের কাত ৸২ আঃ ১৲ থং ২৩৫

১০৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৷৶৯৷ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১৴৩ আঃ ২৲ থং ২৩৪

১০৯ থাং ডিঃ ঐ দেং রসরঞ্জিত দাস দিং দাবি ১৩৷৭ থানা ঐ মৌজে ডোমাইপুর ৩৫ শতকের কাত ১৷০ আঃ ৫৲ থং ৬২

১১০ থাং ডিঃ ঐ দেং সরোজা বিবি দাবি ১১৷৯ থানা ঐ মৌজে বেলাইপাড়া ১৩ শতকের কাত ১৷৴১১ আঃ ৫৲ থং ২৫২

১১১ থাং ডিঃ ঐ দেং এনেসা বিবি দিং দাবি ১১৴৩ মৌজাদি ঐ ২৩ শতকের কাত ১৫ আঃ ৫৲ থং ২৬৬

১১৩ থাং ডিঃ ঐ দেং সুধীর সাহ দিং দাবি ১২৸৶৯ থানা ঐ মৌজে মোড়গ্রাম ২২ শতকের কাত ১৸৴৫ আঃ ৫৲ থং ৭২

১১৪ থাং ডিঃ ঐ দেং সুরেন্দ্র মাল দিং দাবি ১৪৶৯ মৌজাদি ঐ ৯ শতকের কাত ৷৶১ আঃ ২৲ থং ৩২০

৮৮ থাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ দত্ত দিং দাবি ২১৷৬ থানা ঐ মৌজে ডোমাইপুর ৩-৮০ শতকের কাত ১৮৸৵৭ আঃ ১০৲ থং ১৩২

৭৬ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মহাতা দেং গৌরী-শঙ্কর চৌধুরী দিং দাবি ৬৷৩ থানা সাগরদীঘি মৌজে খাড়িগুর ২২ শতকের কাত ৸৵০ আঃ ৫৲ থং ৪৫৯

৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৷৴৬ মৌজাদি ঐ ২-৯৭ শতকের কাত ২৬৷০ আঃ ৫৲ থং ৪৪৩

৭৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৫৷৬ থানা ঐ মৌজে বেলুড়িয়া ৯-৮২ শতকের কাত ৫৬৷৵১৫ আঃ ১০৲ থং ২১০ অধীনস্থ থং ২১০ (ক), ২১১, ২১২, ২১৩

৭৯ থাং ডিঃ ঐ দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দাবি ২৬৷৵০ মৌজাদি ঐ ৬-৩ শতকের কাত ৩৬৸৴৫ আঃ ১০৲ থং ১৭৬

১৩৯ থাং ডিঃ সুবোধকৃষ্ণ ঘোষ মৌলিক দিং দেং অজিতকুমার দাস দাবি ২৫৷০ থানা সাগর-দীঘি মৌজে শীতলপাড়া ১-২ শতকের কাত ৩৷০ আঃ ১৫৲ থং ২২৬

৭৪ থাং ডিঃ বিভূতিভূষণ গুপ্ত মৃতাস্থে ওয়ারিশ বীরেন্দ্রকুমার গুপ্ত দিং দেং শচীনন্দন দত্ত দিং দাবি ২১২৴৩ থানা সাগরদীঘি মৌজে জিয়ানগর ১০-৩১ শতকের কাত ২৯৷৵৪ আঃ ৩৬৲ থং ৩৫

৩০ থাং ডিঃ আইজান নেসা বিবি দেং আমজাদ সেখ দাবি ১৫৷৵০ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ১২ শতকের কাত ১৸৵০ আঃ ১২৲ থং ২৬৬

৩১ থাং ডিঃ ঐ দেং বিশ্বেশ্বর বিদ্যারত্ন দাবি ৭৭৶৯ মৌজাদি ঐ ১২-৫৭ শতকের সেস ২৷০ আঃ ৮০৲ থং ৩২০ হইতে ৩২৬

৩২ থাং ডিঃ ঐ দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দিং দাবি ২৮৶৯ মৌজাদি ঐ ৮৫ শতকের কাত ৩৸৵৩ আঃ ২৫৲ থং ১৫৭

৩৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২২৷৶০ থানা ঐ মৌজে উদয়নগর ৫-৮৭ শতকের কাত ২০৷১৷০ আঃ ১১০৲ থং ৪৪

৩৪ থাং ডিঃ ঐ দেং বিশ্বেশ্বর বিদ্যারত্ন দাবি ২৮৸৬ মৌজাদি ঐ ১-৪ শতকের কাত ৩৸৵৭ আঃ ২৫৲ থং ৪৬

৩৫ থাং ডিঃ আখিজান বিবি দেং ঝড়ু মাল দাবি ১৪৷৵৬ থানা সাগরদীঘি মৌজে তাঁতিবিড়ল ১০ শতকের কাত ২৷৵০ আঃ ১০৲ থং ১২০ রায়ত স্থিতিবান

১৪৪ থাং ডিঃ সেবাইত মহারাজা যোগীন্দ্রনাথ রায় বাহাদুর দেং আবদুল ওহাব সেখ দিং দাবি ৮৫৷৵৩ থানা সাগরদীঘি মৌজে বোখারা ৬-১৮ শতকের কাত ১১৷৵৬ আঃ ৬০৲ থং ১৪৬

৪২ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং সাজিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ৩৭৸৩ থানা সাগরদীঘি মৌজে খেরুর ১-৬০ শতকের কাত ১০৵২ আঃ ২৫৲ থং ১৩১

৪৩ থাং ডিঃ ঐ দেং রহমতুল্লা বিশ্বাস দাবি ১৮৷৴৯ মৌজাদি ঐ ৩২ শতকের কাত ১৷৯ আঃ ৫৲ থং ২৫২

৫৩ থাং ডিঃ ঐ দেং অশ্বিনীকুমার সরকার দিং দাবি ৬৮৴৯ মৌজাদি ঐ ১-৭৩ শতকের কাত ৫৷০ আঃ ১৫৲ থং ১০৩

৮৯ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং জয়নাল আবেদীন সেখ দিং দাবি ২২৸৴৩ থানা সাগরদীঘি মৌজে গাদী, চাঁদপাড়া ও কাস্তনগর ২-২০ শতকের কাত ৫৶৬ আঃ ১৫৲ থং ৪৫৷৫৷৪০

৯০ থাং ডিঃ ঐ দেং অরেশতুল্লা সেখ দাবি ১১৷৴৯ থানা ঐ মৌজে কাস্তনগর ১৯ শতকের কাত ৸৮ আঃ ১০৲ থং ১৬২

৯১ থাং ডিঃ জবেদালী মোল্লা দিং দেং আনেশ সেখ দিং দাবি ৩৮৷৴০ থানা সাগরদীঘি মৌজে সেওয়া ১-১৪ শতকের কাত ৫৴০ আঃ ৩৫৲ থং ৫৭

১০৩ থাং ডিঃ কুমার বীরেন্দ্রনাথ রায় বাহাদুর দেং সাধনকুমার চক্রবর্ত্তী দাবি ১১৷৶৩ থানা সাগর-দীঘি মৌজে খাড়ুগ্রাম ১৪ শতকের কাত ৷৵০ আঃ ৫৲ থং ৫৪৭

১০৪ থাং ডিঃ রাজা কমলারঞ্জন রায় দেং পশুপতি কুনাই দিং দাবি ১১৷৶৯ থানা সাগরদীঘি মৌজে বলরামবাটী ১৩ শতকের কাত ।৶৬ আঃ ৩৲ থং ৩৪৫

৮০ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং সবদুল সেখ দিং দাবি ৮৷৶৩ থানা ফরক্কা মৌজে আন্ধুয়া ২৯ শতকের কাত ।০ আঃ ৫৲ থং ৯৫

৮৬ থাং ডিঃ ঐ দেং গয়ানাথ মণ্ডল দিং দাবি ৮৸৴০ মৌজাদি ঐ ৬ শতকের কাত ৫৷০ আঃ ২৲ থং ৮৯

৮১ থাং ডিঃ ঐ দেং রোহিণী মণ্ডলানী দিং দাবি ৮৷০ থানা ঐ মৌজে কাশীনগর ২৪ শতকের কাত ।৴৯ আঃ ৫৲ থং ২

৮২ থাং ডিঃ ঐ দেং শান্ত মণ্ডলানী দাবি ৮৷৶৯ মৌজাদি ঐ ৪৯ শতকের কাত ১৷৶৩ আঃ ৫৲ থং ১৩০

৮৩ থাং ডিঃ ঐ দেং পদ্মমণি বর্ম্মণ্যা দাবি ৮৷৩ মৌজাদি ঐ ১৸০ জমির কাত ১৴৩ আঃ ৫৲

৮৪ থাং ডিঃ ঐ দেং নেওয়াজান বিবি দাবি ৮৵৩ থানা ঐ মৌজে কেন্দুয়া ৪৪ শতকের কাত ৷৴৩ আঃ ৫৲ থং ৯৯

৮৫ থাং ডিঃ ঐ দেং রফাতুল্লা সেখ দাবি ৮৶৩ থানা ঐ মৌজে উত্তর ভবানীপুর ৫০ শতকের কাত ।৵৬ আঃ ৫৲ থং ১৪৪

৮৭ থাং ডিঃ ঐ দেং গৌস্থ সেখ দাবি ৯৷৵০ মৌজাদি ঐ ২৬ শতকের কাত ৸৬ আঃ ৫৲ থং ৮৭

১৪৫ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং কালীপদ মণ্ডল দিং দাবি ২৬৸৶৬ থানা সাগরদীঘি মৌজে দিয়ার বালাগাছি ৫৭ শতকের কাত ৪৷৵০ আঃ ১০৲ থং ১০১

১৪৭ থাং ডিঃ ঐ দেং সামসুদ্দিন সেখ দিং দাবি ২৪৷৵৯ থানা ফরক্কা মৌজে দোহিতপুর ১-৯৬ শত-কের কাত ১৷৭ আঃ ৫৲ থং ১১৩

১৫২ থাং ডিঃ ঐ দেং তেহু সেখ দিং দাবি ৩৩৷৴৯ মৌজাদি ঐ ১-৩৬ শতকের কাত ৫৷৫ আঃ ২২৲ থং ৭৯

১৪৮ থাং ডিঃ ঐ দেং কালু সেখ দিং দাবি ১৩৷০ থানা ঐ মৌজে শ্রীমন্তপুর ৪০ শতকের কাত ৸৮ আঃ ৫৲ থং ৫৬৯, ২৭

১৪৯ থাং ডিঃ ঐ দেং গিরিশচন্দ্র মণ্ডল দিং দাবি ১৬৷৶৯ মৌজাদি ঐ ১১ শতকের কাত ১৷৶৩ থং ১৩০

১৫০ থাং ডিঃ ঐ দেং আবুল হায়াত খাঁ চৌধুরী দিং দাবি ৭৮৸৵৯ মৌজাদি ঐ ৮-২৩ শতকের কাত ১১৷৴৯

১৫৩ থাং ডিঃ ঐ দেং দুঃখন মণ্ডল দিং দাবি ২৪৴৩ মৌজাদি ঐ ১-৬ শতকের কাত ২৵২ আঃ ৯৲ থং ৩২

[ পর পৃষ্ঠা দেখুন ।

( পূর্ব্ব পৃষ্ঠার শেষ )

১৫১ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং আবুল হায়াত খাঁ চৌধুরী দিং দাবি ৬০৯॥৶০ থানা ফরক্কা মৌজে বেওয়া ১৯৪-৬২ শতকের কাত ২৯২৸৬ থং ১২৮২ অধীনস্থ থং ১২৮৩, ৩৯

১৫৪ থাং ডিঃ ঐ দেং কালীপদ চৌধুরী দাবি ১৫৸৶৯ মৌজাদি ঐ ৪৬ শতকের কাত ১৸০ আঃ ৮৲ থং ১১৩২

১৫৫ থাং ডিঃ ঐ দেং তিনকড়ি দাস দাবি ১৩৴০ মৌজাদি ঐ ১০ শতকের কাত ১৵৬ থং ৯৫৮ অধীনস্থ থং ৯৫৯

১৫৬ থাং ডিঃ ঐ দেং লাহু ওরফে লুলু সেখ দিং দাবি ১১।৬ মৌজাদি ঐ ৮ শতকের কাত ॥০ আঃ ৩৲ থং ৯৪০

৬১ থাং ডিঃ সেথ আইজুল হক দেং দেবেন্দ্রনাথ সাহা দাবি ৬৮৸৶৯ থানা সাগরদীঘি মৌজে বালিয়া ৩ ৩৩ শতকের কাত ১২॥৶৯ আঃ ৭০৲ থং ৪০৭

১৬৩ থাং ডিঃ শোভেন্দ্রনাথ মজুমদার দেং বোড়নচন্দ্র সরকার দাবি ১৪৸৴০ থানা ফরক্কা মৌজে কানাইটোলা ১৪ শতকের কাত ১।৶৯।০ আঃ ৫৲ থং ১৪৮৮

১৬৪ থাং ডিঃ ঐ দেং সাহানী বেওয়া দাবি ২২৶০ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ২৸/১৫ আঃ ৫৲ থং ১৫১৮

১৬২ থাং ডিঃ ঐ দেং ক্ষিতীশ মণ্ডল দাবি ১১৸৴৩ মৌজাদি ঐ ৫ শতকের কাত ৸৶০ আঃ ৫৲ থং ১৪৭৮

৫৫ থাং ডিঃ অমিয়কুমার ঘোষ মজুমদার দিং দেং হেমলতা চৌধুরাণী দাবি ৩০৭৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে কোহতপুর, জয়কৃষ্ণপুর, বলবলপাড়া, মহিষাস্থলী, কিসমত ভবানীবাটী, আলমসাহী, চকসাপুর, বিল লক্ষ্মীজোলা ১১১ নং তৌজির অন্তর্গত আঃ ৫০৲ থং ৪

৪ রেহান ডিঃ সুরেশচন্দ্র মিস্ত্রী দেং অমূল্যচন্দ্র মিস্ত্রী দিং দাবি ৮৬॥৴০ থানা ফরক্কা মৌজে কুলি ১০ শতকের কাত ১।৴৬ আঃ ১০৲ থং ১৬১০

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৭ই মে ১৯৫০

১৯৫০ সালের ডিক্রীজারী

৫৪ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং খুতু সাহা দাবি ২৬৸৯ থানা সাগরদীঘি মৌজে খেরুর ২১ শতকের কাত ২।৴৮ আঃ ৫৲ থং ২৩৭

৫২ থাং ডিঃ ঐ দেং কৃষ্ণা দাসী দাবি ২০৵০ থানা ঐ মৌজে ধলো ৪৩ শতকের কাত ৸৵১ আঃ ৫৲ থং ২৫৩

---




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত